# উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

সভার তারিখ ও সময় : ২৬.০৮.২০২১ খ্রিঃ, বেলা ১১.০০ টা

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর : হাজিরা খাতায় সংরক্ষিত

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণাকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা সভায় করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয়ের মাধ্যমে কৃষকদেরকে বিনামূল্যে বীজ ও সার প্রদান করা হচ্ছে। কৃষকদের কৃষি প্রশিক্ষণ প্রদান করা হয়। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের বিভিন্ন কৃষি পরামর্শ প্রদান করছেন। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নিয়মিতভাবে কৃষকদেরকে প্রয়োজনীয় কৃষি পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদি পশুদের রোগবালাই নির্মূল, গবাদি পশু পালনে জনগণকে উদ্বুদ্ধ করাসহ অন্যান্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে মৎস্যচাষীদের নিয়মিতবাবে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। মৎস্য সম্পর্কিত যেকোন বিষয়ে এ দপ্তরের সহিত যোগাযোগ করার অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ০৫.০৮.২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১.৪৪০ নং স্মারক পত্রে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তে উপজেলা উপজেলা উন্নয়ন থোক বরাদ্দের আওতায় ১ম কিস্তিতে ২৬,৫৪,০০০/- (ছাব্বিশ লক্ষ চুয়ান্ন হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। সে হিসেবে ০৪ কিস্তিতে ১০৬১৬০০০/- (এক কোটি ছয় লক্ষ ষোল হাজার) টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত বরাদ্দের বিধিমোতাবেক ৩০% পিআইসি = ৩১৮০০০০/- (একত্রিশ লক্ষ আশি হাজার), টেন্ডারের মাধ্যমে = ৭৪৩৬০০০/- (চুয়াত্তর লক্ষ ছত্রিশ হাজার) টাকা যাহ ৩০ শে জুন ২০22 এর মধ্যে ব্যয় করতে হবে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত ৭৪৩৬০০০ (চুয়াত্তর লক্ষ ছত্রিশ হাজার) টাকার ৫% নিম্নদরের ৩৭১৮০০/- (তিন লক্ষ একাত্তর হাজার আটশত) টাকাসহ মোট টাকা দ্বারা প্রকল্প গ্রহণ করা যেতে পারে। সভায় পিআইসি'র মাধ্যমে ৩১৮০০০০/- (একত্রিশ লক্ষ আশি হাজার) টাকার প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা হয় এবং বাকি ৭৮০৭৮০০/- (আটাত্তর লক্ষ সাত হাজার আটশত) টাকা টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য মদন উপজেলাধীন ০৮ (আট) ইউনিয়নের চেয়ারম্যানগণ প্রকল্প দাখিল করেছেন। প্রাপ্ত প্রকল্পসমূহ প্রকল্প যাচাই বাছাই কমিটির ২৫.০৮.২০২১ তারিখের সভায় অনুমোদিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।<br><br>ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থ দ্বারা PIC মাধ্যমে বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প সমূহ ঃ | ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পসমূহ বিধিমোতাবেক বাস্তবাযনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রকৌশলী, মদন |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | খাত | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | ০১ নং কাইটাইল ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে | কৃষি ও | ২০০০০০.০০ |



২৫/৮/২০২১

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২ | ০২ নং চানগাঁও ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৩ | ০৩ নং মদন ইউনিয়নের প্রান্তিক কৃষকদের মাঝে সবজি বীজ বিতরণ | কৃষি | ২০০০০০.০০ |
| ৪. | ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৫. | ০৫ নং মাঘান ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৬. | ০৬ নং তিয়শ্রী ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৭. | ০৭ নং নায়েকপুর ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৮. | ০৮ নং ফতেপুর ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ৯. | মদন উপজেলার কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ২০০০০০.০০ |
| ১০. | মদন উপজেলার দরিদ্র জনগণের মাঝে নলকূপ সরবরাহ | জনস্বাস্থ্য | ২০০০০০.০০ |
| ১১. | মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নের মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ | মানবসম্পদ উন্নয়ন | ২০০০০০.০০ |
| ১২. | মদন উপজেলার দরিদ্র জনগণের মাঝে স্যানিটারী লেট্রিন বিতরণ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ১৫০০০০.০০ |
| ১৩. | খেলাধুলা সামগ্রী বিতরণ | ক্রীড়া ও সংস্কৃতি | ২০০০০০.০০ |
| ১৪. | মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নে রাস্তার ভাংতিতে ১ ফুট ডায়া রিং কালভার্ট সরবরাহ | কৃষি ও ক্ষুদ্র সেচ | ১০০০০০.০০ |
| ১৫. | দরিদ্র জনগণের মাঝে নলকূপ সরবরাহ | জনস্বাস্থ্য | ৭৫০০০.০০ |
| ১৬. | মদন উপজেলার জনগণের মাঝে নলকূপ ও সেলাইমেশিন সরবরাহ | জনস্বাস্থ্য | ১৫৫০০০.০০ |
| ১৭. | মদন উপজেলার প্রান্তিক কৃষকদের মাঝে সবজি বীজ বিতরণ | জনস্বাস্থ্য | ২০০০০০.০০ |
| ১৮. | করোনা ভাইরাসের (কভিড-১৯) বিস্তার রোধকল্পে সুরক্ষা সামগ্রী (মাস্ক ক্রয়, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান ইত্যাদি) ক্রয় | স্বাস্থ্য | ১০০০০০.০০ |
| | মোট = | | ৩১,৮০,০০০/- |

**বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প সমূহ ঃ**

| ক্রঃ নং | প্রকল্পের নাম | খাত | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | মদন কেন্দুয়া পাকা রাস্তা হতে ইস্পাহানের বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ৩০০০০০.০০ |
| ২. | রত্নপুর আরসিসি পাকা রাস্তা হতে জিলু মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ২০০০০০.০০ |
| ৩. | চানগাঁও পিঞ্জার খালে ডিপটিউবওয়েলের পাশে প্যালাসাইডিং | যোগাযোগ | ২০০০০০.০০ |
| ৪. | চানগাঁও ০১ নং ওয়ার্ডের আরসিসি রাস্তা হতে পুতুল মিয়ার জমি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ২৫০০০০.০০ |
| ৫. | মদন উপজেলার দরিদ্র জনগণের মাঝে নলকূপ সরবরাহ | জনস্বাস্থ্য | ২০০০০০.০০ |
| ৬. | মৈধাম মস্তফার বাড়ি সংলগ্ন রাস্তায়, শাহপুর তিন বাড়ি রাস্তায় ইউ ড্রেইন এবং হাঁসকুড়ি নুর ইসলামের বাড়ি সংলগ্ন নদীর ঘাটে ঘাটলা নির্মাণ | ভৌত অবকাঠামো | ২৫০০০০.০০ |
| ৭. | মদন উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের নাম ফলক স্থাপন | ভৌত অবকাঠামো | ৭০০০০০০.০০ |
| ৮. | উচিতপুর পর্যটন কেন্দ্রের সৌন্দয্য বর্ধন | ভৌত অবকাঠামো | ৪২৩০০০.০০ |

My Computer(D:)/CA Simon Suva

26/8/2021

| | | | |
|---|---|---|---|
| ৯. | চানগাঁও ০১ নং ওয়ার্ডের আঙ্গুর মিয়ার বাড়ি হতে ফরিদ মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ৩০০০০০.০০ |
| ১০. | কাইটাইল ইউনিয়নের জাওলা প্রদীপের বাড়ি হতে পাকা রাস্তা পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ৫০০০০০.০০ |
| ১১. | চানগাঁও হাঁসকুড়ি কাচু মিয়ার বাড়ির পাকা রাস্তা হতে গোলাপের বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ৪০০০০০.০০ |
| ১২. | মদন ইউনিয়নের বৃবড়িকান্দি লেয়াকত আলীর বাড়ি হতে মারফত আলী সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ২০০০০০.০০ |
| ১৩. | মদন ইউনিয়নের কুলিয়াটী পশ্চিমপাড়া এলজিডি রাস্তা হতে সাইদুল মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ১০০০০০.০০ |
| ১৪. | মদন ইউনিয়নের বৃবড়িকান্দি পুরাতন জামে মসজিদ সংলগ্ন পুকুরে পাকা ঘাট নির্মাণ | ভৌত বকাঠামো | ১০০০০০.০০ |
| ১৫. | মদন ইউনিয়নের কাপাসাটিয়া ভিকচান চেয়ারম্যান সাহেবের বাড়ি সংলগ্ন পানি নিষ্কাশনের ড্রেইন নির্মাণ | যোগাযোগ | ১০০০০০.০০ |
| ১৬. | গোবিন্দশ্রী পশ্চিমপাড়া ঈদগাহ মাঠ পাকাকরণ | ভৌত অবকাঠামো | ৫০০০০০.০০ |
| ১৭. | মাঘান ইউনিয়নের নয়াপাড়া বাজারের রাস্তা এইচবিবি করণ | যোগাযোগ | ১৫০০০০.০০ |
| ১৮. | মাঘান ঈদগাহ মাঠে প্রতিরক্ষা দেয়ার নির্মাণ | ভৌত অবকাঠামো | ২০০০০০.০০ |
| ১৯. | মাঘান ইউনিয়নের কুদরত আলীর বাড়ি হতে বেরাজ মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসিকরণ | যোগাযোগ | ১৫০০০০.০০ |
| ২০. | তিয়শ্রী ইউনিয়নের বাঘমারা গ্রামের ভিতরে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ | কৃষি ও সেচ | ৫৪৫০০০.০০ |
| ২১. | নায়েকপুর ইউনিয়নের মাখনা মেইন রোড হতে মাহফুজ মাস্টারের বাড়ি পর্যন্ত আরসিসিকরণ | যোগাযোগ | ৪০০০০০.০০ |
| ২২. | মাখনা মাইজপাড়া চান মিয়ার বাড়ি সংলগ্ন জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ১০০০০০.০০ |
| ২৩. | ফতেপুর খানবাড়ী মাদ্রাসা হতে আব্দুস সালাম সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা পাকাকরণ | যোগাযোগ | ২০০০০০.০০ |
| ২৪. | ফতেপুর আগপাড়া পাকা রাস্তা হতে হজরত আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ | যোগাযোগ | ১০০০০০.০০ |
| ২৫. | ফতেপুর আগপাড়া পাকা রাস্তা হতে বাক্কার তাং এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ | যোগাযোগ | ১০০০০০.০০ |
| ২৬. | ফতেপুর দক্ষিণকান্দা রাস্তার মোড় হতে দেওসহিলা গ্রামের পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ | কৃষি ও সেচ | ১০০০০০.০০ |
| ২৭. | চানগাঁও হাঁসকুড়ি মৈধাম কওমী মাদ্রাসা উন্নয়ন | শিক্ষা | ৪০০০০০.০০ |
| ২৮. | চানগাঁও ০১ নং ওয়ার্ডের মনজুর বাড়ি সংলগ্ন নদীর ঘাটে ঘাটলা ও প্রতিরক্ষা দেয়াল নির্মাণ | ভৌত অবকাঠামো | ৩০০০০০.০০ |
| ২৯. | কৃষ্ণপুর জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩০. | ধুবাওয়ালা উত্তরপড়া জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩১. | ধুবাওয়ালা পশ্চিমপাড়া জামে মসজিদ | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩২. | শিবপাশা উত্তরপাড়া জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩৩. | বৈঠাখালি জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩৪. | ভবানীপুর জামে মসজিদ উন্নয়ন | ভৌত অবকাঠামো | ৫০০০০.০০ |
| ৩৫. | প্রকল্প বাস্তবায়নে আনুসাংগিক খরচ | .. | ৩৯৮০০. |
| | মোট = | | ৭৮০৭৮০০.০০ |

উপজেলা নির্বাহী অফিসার সভায় উল্লেখিত প্রকল্পসমূহ কাজের গুনগতমান অক্ষুন্ন রেখে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোকপাত করেন।

My Computer\D:\CA\Simony Suva\

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার জনগণকে পরিবার পরিকল্পনার পদ্ধতিগ্রহণে উদ্বুদ্ধ করণে মাঠ পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীগণ কাজ করে যাচ্ছে। এছাড়া এ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা পদ্ধতিগ্রহণে জনগণকে উদ্বুদ্ধকরণসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ভূমিহীন ও গৃহহীন মানুষদেরকে মুজিব বর্ষ উপলক্ষে সরকার সম্পূর্ণ বিনামূল্যে আধা পাকা ঘর করে দিচ্ছেন। তাই প্রকৃত ভূমিহীন ও গৃহহীনদের ঘর প্রদানে সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিককাজ যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন |
| ৮. | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে ভিজিডি ও মাতৃত্বকালীন ভাতাভোগীদের প্রয়োজনীয় সহায়তা করা হয়। দরিদ্র ও অসহায় ব্যক্তিগণকে ভাতার আওতায় আনতে সকলের সহযোগিতা কামনা করেন। | ভাতাভোগীদের যথাসময়ে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কিছু দিনের মধ্যে প্রতিষ্ঠান খোলা হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্নকরণ সহ অন্যান্য বিষয়ে সকল শিক্ষককে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনাকালীন পরিস্থিতির জন্য মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | **উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তরের নিবন্ধনকৃত সমবায় সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করা হয়। এছাড়া এ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ উপজেলার নিবন্ধনকৃত সমবায় সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১২. | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা ভোগীদের আবেদন অনলাইনের মাধ্যমে করতে হবে। ভাতাভোগীদের তথ্য এমআইএস এ অন্তভূক্ত করতে হবে। | ভাতাভোগীদের তথ্য ১০০% এমআইএস এ অন্তর্ভূক্ত করার জন্য ভাতাভোগীদের উদ্বুদ্ধকরণে ইউনিয়ন চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মদন, নেত্রকোণ<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), মদন |
| ১৩. | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বেকার যুবক যুবতিদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ, মৎস্য চাষ প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া প্রশিক্ষিত যুবক যুবতিদের ঋণ প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, গুচ্ছগ্রাম ২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের সুফলভোগী সদস্যদের ওরিয়েন্টেশন কোর্স ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এ উপজেলার বিয়াশী গুচ্ছগ্রাম, ছত্রপুর গুচ্ছগ্রাম এবং গোবিন্দশ্রী গুচ্ছগ্রামে সম্পন্ন করা হয়েছে। এছাড়া এ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মদন |
| ১৫. | **ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখা ঃ** ব্যবস্থাপক, সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এ দপ্তরের মাধ্যমে খুব দ্রুত সময়ে ঋণ প্রদান করা হয়। খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মদন |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে মুজিব বর্ষ উপলক্ষে এ উপজেলার ০৮ টি ইউনিয়নের প্রতিটিতে ২৬ টি আর্সেনিকমুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া এ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আর্সেনিকমুক্ত গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৭. | **উপজেলা দারিদ্র বিমোচন অফিস ঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান দারিদ্র বিমোচনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |



26/8/2021

| | | | |
|---|---|---|---|
| ১৮. | **চেয়ারম্যান, গোবিন্দশ্রী ইউপি** সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | চেয়ারম্যান ০৪ নং গোবিন্দশ্রী ইউপি, মদন |
| ১৯. | **চেয়ারম্যান, চানগাঁও ইউপি** সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পাদন করা হচ্ছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | চেয়ারম্যান ০২ নং চানগাঁও, ইউপি, মদন |
| ২০. | **মেয়র, মদন পৌরসভা, প্রতিনিধি** সভায় শুরুতেই সকলকে শুভেচ্ছা জানান। মদন পৌরসভাকে একটি আধুনিক ও পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তুলতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। পৌরকর পরিশোধে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | মদন পৌরসভার কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, মদন পৌরসভা |
| ২১. | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ** নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | আবশ্যিকভাবে স্থায়ী কমিটি সমূহের দ্বিমাসিক সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন |
| ২২. | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ** সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সহিত কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে ন্যায় ও সততার সহিত সঠিকভাবে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিস প্রধান (সকল), মদন |

**বিবিধ আলোচনা ঃ**

<u>০১। করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রকল্প গ্রহণ ঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, করোনা ভাইরাস মোকাবেলায় স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৬.০৮.২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকের পত্র মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'উপজেলা উন্নয়ন সহায়তা' থোক বরাদ্দ হতে মদন উপজেলায় ৪৬৮০০০/- (চার লক্ষ আটষট্টি হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়। করোনা ভাইরাসের বিস্তাররোধে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) গ্রহণের নিমিত্ত উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে ৪৬৮০০০/- (চার লক্ষ আটষট্টি হাজার) টাকা ব্যয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিধিমোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত সংক্রান্ত ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি জরাজীর্ণ হওয়ায় জরুরীভিত্তিতে রংকরণ ও মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ২০০০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে একটি প্রকল্প কমিটির মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রকল্পটি বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>০৫। উপজেলা পরিষদে আসবাবপত্র ক্রয়/সরবরাহ সংক্রান্ত ঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র না থাকায় বিভিন্ন সভা সেমিনার করতে সমস্যা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সর্বোচ্চ ১৫০০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বিধিমোতাবেক উপজেলা পরিষদে আসবাবপত্র ক্রয়/সরবরাহের নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>০৬। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় চত্বরে নিরাপত্তা জোরদারকরণে হ্যালোজেন বাল্ব স্থাপন :</u>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের চত্বরে কোন বৈদ্যুতিক বাল্ব না থাকায় রাতের বেলা অন্ধকার থাকে। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় চত্বরে নিরাপত্তা জোরদারকরণে নিরাপত্তা জোরদারকরণে ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়ে হ্যালোজেন বাল্ব স্থাপন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় চত্বরে নিরাপত্তা জোরদার নিশ্চিতকরণে হ্যালোজেন বাল্ব স্থাপন বাবদ ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

My Computer/D:/(A)Simony Sova\

CamScanner

০৭। উপজেলা পরিষদ কোয়ার্টারের নিরাপত্তা জোরদারকরণে হ্যালোজেন বাল্ব স্থাপন।উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ কোয়ার্টারে বৈদ্যুতিক বাল্ব না থাকায় রাতের বেলা অন্ধকার থাকে। উপজেলা পরিষদ কোয়ার্টারের নিরাপত্তা জোরদারকরণে ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়ে হ্যালোজেন বাল্ব স্থাপন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় চত্ত্বরে নিরাপত্তা জোরদার নিশ্চিতকরণে হ্যালোজেন বাল্ব স্থাপন বাবদ ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস, অফিস সংলগ্ন চত্ত্বর পরিষ্কার বাবদ শ্রমিক মজুরী বিল প্রদান ঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, ভাইস চেয়ারম্যানের অফিস, অফিস সংলগ্ন চত্ত্বর ব্যবহারের অনুপযোগী হয়ে যাওয়ায় ১৭০০০/- (সতের হাজার) টাকা শ্রমিক মজুরী ব্যয়ে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস, অফিস সংলগ্ন চত্ত্বর পরিষ্কার বাবদ ১৭০০০/- (সতের হাজার) টাকা শ্রমিক মজুরী বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সভাপতি সভায় উপস্থিত সকলকে গৃহিত সিদ্ধান্তের আলোকে সঠিকভাবে কাজ সম্পন্ন করার অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26/8/2021
(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২১.৭২৫(৩১) তারিখ ঃ ২৬.০৮.২০২১ খ্রিঃ

অনুলিপি: অবগতি ও কার্যার্থে
০১। উপজেলা....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা
০২। মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা
০৩। চেয়ারম্যান (সকল).............................ইউপি, মদন, নেত্রকোণা
০৪। বেগম.............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
০৫। সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
০১। মাননীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
০৫। চেয়ারম্যান, উপজেল পরিষদ, মদন, নেত্রকোণা
০৬। ভাইস চেয়ারম্যান/ ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

২৬/০৮/২০২১
(বুলবুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
ফোন ঃ ০৯৫২৯-৫৬০০১
E-mail-unomadan@yahoo.com

My Computer/D:/CA/Simony Suva\

CamScanner